ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৫০২১
আগরতলা, ১ মার্চ, ২০২৪

বিধানসভা সংবাদ

**জাতীয় সড়কগুলির কাজ শেষ হলে রাজ্যের অর্থনৈতিক চিত্র আমূল পাল্টে যাবে ঃ মুখ্যমন্ত্রী**

রাজ্যের জাতীয় সড়কগুলির কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করার জন্য রাজ্য সরকার সদর্থক দৃষ্টিভঙ্গি নিয়ে কাজ করছে। জাতীয় সড়কগুলির কাজ শেষ হলে রাজ্যের অর্থনৈতিক চিত্র আমূল পাল্টে যাবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির অ্যাক্ট ইস্ট পলিসিতে উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়নে বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। তাঁর মতে দেশের উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির সামগ্রিক উন্নয়ন ব্যাতীত দেশের সার্বিক বিকাশ সম্ভব নয়। ত্রয়োদশ বিধানসভার চতুর্থ অধিবেশনের প্রথমদিনের দ্বিতীয় পর্বে বিধায়ক তফাজ্জল হোসেন দ্বারা আনীত বেসরকারি প্রস্তাবের উপর আলোচনায় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। বিধায়ক তফাজ্জল হোসেন দ্বারা আনীত বেসরকারি প্রস্তাবটি হল ‘রাজ্যে প্রস্তাবিত জাতীয় সড়কের নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য এই সভা কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাচ্ছে।’

আলোচনায় মুখ্যমন্ত্রী আরও বলেন, ২০১৪ সালের পূর্বে রাজ্যে জাতীয় সড়ক ছিল একটি এবং এর দৈর্ঘ্য ছিল ১৯৮ কিলোমিটার। বর্তমানে জাতীয় সড়কের সংখ্যা বেড়ে হয়েছে ৬টি এবং দৈর্ঘ্য হল ৯০০ কিলোমিটারের বেশি। তাছাড়াও আরও ৪টি জাতীয় সড়ক নির্মাণের সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে নীতিগতভাবে সমর্থন করা হয়েছে। তিনি বলেন, আইনগত, জমি অধিগ্রহণ সংক্রান্ত বিষয়, ভৌগলিকগত সমস্যাও অনেক সময় রাস্তা নির্মাণের মত কাজকে ত্বরান্বিত করার ক্ষেত্রে বাধার সৃষ্টি করে। মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন সকল ধরণের বাধা কাটিয়ে নির্দিষ্ট সময়ের মধ্যেই জাতীয় সড়কগুলির নির্মাণের কাজ সম্পন্ন হবে। তাছাড়া এই বেসরকারি প্রস্তাবকে সমর্থন করে আলোচনা করেন বিরোধী দলনেতা তথা বিধায়ক অনিমেষ দেববর্মা, বিধায়ক শ্যামল চক্রবর্তী, বিধায়ক বীরজিৎ সিনহা, বিধায়ক গোপাল রায়, বিধায়ক দীপঙ্কর সেন। পরে সভা কর্তৃক সর্বসম্মতিক্রমে বেসরকারি প্রস্তাবটি গৃহীত হয়।

********